বিজ্ঞান বাবু।

প্রহসন।

শ্রীসুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

প্রণীত।

কলিকাতা,

১০০।১ নং মেছুয়াবাজার ষ্ট্রীট

বাল্মীকি যন্ত্রে

শ্রীকালীকিঙ্কর চক্রবর্ত্তী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

সন ১২৯৪ সাল।

পুরুষ।

গৌরহরি মুখোপাধ্যায়।	কলিকাতার একজন ধনাঢ্য ব্যক্তি।
শীতলচন্দ্র।	গৌরহরি বাবুর বন্ধু
নগেন্দ্রনাথ বসু।	সাপ্তাহিক সংবাদপত্রের সম্পাদক।
মাখন।	গৌরহরি বাবুর পুত্র।
রামকান্ত।	উন্নতশীলব্রাহ্ম উকীল বিজ্ঞানের শিক্ষানবীস।
অবিনাশ।	প্রসিদ্ধ অর্থ পুস্তক লেখক।
	দামু বেহারা।

স্ত্রী।

চন্দ্রমুখী।	গৌরহরি বাবুর স্ত্রী।
হেমন্ত কুমারী।	নগেন্দ্র বাবুর স্ত্রী।
	দাসী।

বিজ্ঞান বাবু

প্রহসন।

প্রথম অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

গৌরহরি বাবুর বৈঠকখানা।

গৌরহরি শীতলচন্দ্র, রামকান্ত আসীন।

শীতল। আজ বিজয়া দশমী, মনোমালিন্য ভুলে গিয়ে পরম শত্রুকেও আজ আলিঙ্গন কর্ত্তে হয়, কিন্তু মনুষ্যের মন সহজে শত্রুতা ভুল্‌তে পারে না বলে লোক ভেদে ব্যবস্থার ভেদ হয়েছে। বৈরনির্য্যাতন চিন্তা আমাদের হৃদয় চিরদিন যে পরিমাণে অধিকার করে থাকে মনের রূপান্তর ব্যতীত তাহা সহজে দূর করা যায় না; অথচ শত্রুকে আলিঙ্গন করে হৃদয়ের মহত্ব প্রকাশ করা নিতান্ত প্রয়োজন।

রামকান্ত। শীতল বাবু! আপনার কথা শুনে প্রাণে বড় ব্যথা পেলেম, আপনি ওরূপ কথা বল্‌বেন না। আপনি আপনার হৃদয়ের বাহ্যিক ও আভ্যন্তরিক ভাব এককরে দেখুন, সেরূপ করে যাহাকে আলিঙ্গন দেওয়া উচিত তা'কে প্রাণখুলে আলিঙ্গন দিন; কিন্তু অন্তরে শত্রুতাকে পোষণ করে বাহিরে কোল দেওয়া ধর্ম্ম-বিগর্হিত। এতে কি আপনার হৃদয় সুখী হবে? ওরূপ কল্লে ঈশ্বরের নিকট আপনি দোষী হবেন।

গৌরহরি। ওটা কি জান রামকান্ত বাবু, ওটা আমাদিগের লৌকিক প্রথা। এতে আর ধর্ম্মাধর্ম্ম কি আছে বলুন?

শীতল। আপনি যা বলেছেন সত্য; যে বৈবাহিকের নিকট হ'তে নালিস্ করে টাকা আদায় কর্ত্তে হয়েছিল, আবার যিনি পূজার সময় আমার প্রাপ্য পাওনা দিতে কুণ্ঠিত; যে ক্ষতি পূরণের জন্য court খুল্লেই আমায় আইনের আশ্রয় নিতে হবে; তা'কে বিজয়ার দিন কোল দিতে হ'লে প্রাণটা যেন গুটিয়ে আসে, আর হাত দুটো বার-কত্তে ইচ্ছা হয় না।

রামকান্ত। কাল্পনিক পূজার জন্য আপনারা কিনা কচ্চেন; এতকষ্ট করে যে, টাকা উপার্জ্জন করেন, কিনা একটা মাটির ঠাকুর খাড়া করে টাকা গুলো বেজায় উড়িয়ে দেন। ছিঃ ছিঃ আমাদের দেখ্‌লে ও লজ্জা হয়। মাটির ঠাকুর দেবতা বলে পূজা করা কতদূর ছোট মনের কাজ বল্‌তে পারি না।

শীতল। গৌরহরি বাবু! আপনাকে বলবো কি, পূজার সময় আমার বৈবাহিক খরচ দিতে কুণ্ঠিত হওয়াতে পূজ্য-পাদ, সজীব-দুর্গার সেই নিত্যপ্রস্ফুটিত কোকনদ-সদৃশ চরণ শোভী আশীভরির ডায়মনকাটা নূতন মল চার্-গাছি অতিশয় অনিচ্ছা সত্ত্বেও বিক্রয় করে এই খড়ো-দুর্গা পূজায় সময় খরচ চালাতে হয়েছে। যা'র জন্য আজও অসুর-মর্দ্দিনী মহাশক্তির সাক্ষীস্বরূপ আমার দেহে শতমুখী বিদ্ধচিহ্ন প্রকাশ পাচ্চে, সেই বৈবাহিককে যে আলিঙ্গন করবার প্রথা প্রচলিত আছে এটা বড় অন্যায়—নিষ্কাম ধর্ম্মের চূড়ান্ত আদর্শ, সাম্যের চিহ্ন, মৈত্রীর কবিতা, জাতীভেদের দীপশিখার ন্যায়।

রামকান্ত। গৌরহরি বাবু! আপনি কল্‌কেতার একজন বর্দ্ধিষ্ঠ লোক, আপনার উচিত এই লোকাচার বিরুদ্ধ বিজয়ার কোলাকুলী প্রথা তুলে দেওয়া। পৌত্তলিকতার আশ্রয় দেওয়া আপনার ন্যায় লোকের উচিত নহে। এই শুভ দিনে আপনি একবার বলুন—

ওঁ একমেবা দ্বিতীয়ং।

শীতল। রামকান্ত বাবু! দিন কতক আগে যদি এই পরামর্শ আমায় দিতেন, তাহ'লে আর এত কষ্ট হ'ত না; আমি স্বয়ং চৈতন্যের মত দুই হাত তুলে

ওঁ একমেবা দ্বিতীয়ং

বল্‌তাম; আমার ঘরের মহিষমর্দ্দিনীকেও একবার কেন,

দুই তিন বার পর্য্যন্ত বলিয়েনিতাম। আর সমাজে বসে স্ত্রী পুরুষের সঙ্গে

"শান্তি শান্তি শান্তি"

বলে চলে আস্‌তেম। (গৌরহরি বাবুর প্রতি) হুজুর! একে অসুরবধ, তাতে আচার্য্যের ন্যায় বেদিতে বসেছি, এতেও যদি দামোদর-কংশ-দর্পহারী না দেখাদেন তবে দুর্গানামে কলঙ্ক হ'বে। Native champagne এর সহিত দেখা নাহলে মনের চাঞ্চল্যতা দূর হবে না।

গৌরহরি। ওরে নিয়ে আয় (হাস্য) শীতল বাবু, শীতল হয়ে যাচ্চেন।

সিদ্ধি লইয়া দামু বেহারার প্রবেশ।

এই খানে রাখ; ভাল করে বেটেচিস্‌ত?

দামু। কর্ত্তা মশয়! তোমারও লুন খাইচি, সে আপনি যা কবে তা কাঁই না করিব। আপনি মুনিব আছ; কর্ত্তা মশয়, সে তোমার কথা না করিব কাঁই, ইয়াড়ু ঠাকুর দেইচি সে মোর ঘরে যে জগড়নাথ আছু পারা সেয়ড়ু ইয়া দেইছি।

শীতল। তা বেশ করেছ দামু; দেবতার প্রসাদ ভক্ষণ কল্লে পুণ্য হয়, আর তা না হউক শরীরটা একটু তাজা হয়। তুমি একবার তামাক নিয়ে এস।

বেহারা। যাইচি, যাইচি।

দামু বেহারার প্রস্থান।

শীতল। রামকান্ত বাবু! আসুন, Native champagne এ একবার বাহার দেওয়া যাক্।

রামকান্ত। আমাকে মাপ করবেন।

গৌরহরি। কেন রামকান্ত বাবু?

রামকান্ত। আমি Band of hope এ নাম লিখিয়েছি।

শীতল। তোমার সে অরুণ বরণ নীল ফিতে কোথা?

রামকান্ত। সেটা সঙ্গে নাই।

শীতল। কথাটা বড় প্রাণে লাগ্‌লো না। প্রয়াগের মত তোমার মনের ভাব, আর মুখের কথা, যেন উৎলে উৎলে মুক্ত হয়ে যাচ্চে। আমি তোমার মনের কথাটা বুঝেছি। হিন্দু ধর্ম্মের ভক্ষ্য ভোজ্য হিন্দুধর্ম্মদ্বেষী কালাপাহাড় খাবে কেন? বল দেখি রামকান্ত বাবু! তোমার ব্রাহ্মধর্ম্মের দিব্বি, তোমার আচার্য্যের দিব্বি, তোমার সেই মন্দিরের-বেদীর দিব্বি আমার অনুমান ঠিক কিনা?

রামকান্ত। শীতল বাবু! সে কারণেও যদি হয় তা হ'লেও ক্ষতি কি?

গৌরহরি। (হাস্য করিয়া) রামকান্ত বাবু! এ কথা সত্য নাকি?

শীতল। আরে মহাশয় সত্য না ত কি? উনি এখন কন্যা ছুঁয়ে কাজি হয়েছেন—আর কেন হয়েছেন তাও আমি বুঝতে পেরেছি—ওঁর দুটো বিয়ে, দ্বিপত্নীক হয়ে উনি কিছু ব্যস্ত হয়েছিলেন; উনি একটিকে ভাল বাসিতেন বা বাসেন; আর একটির অল্প বয়স সুতরাং "বিকার হেতৌ

সতি বিক্রিয়ন্তে"। সেই ছোট সতী বিক্রয় করবার জন্য স্বয়ং কন্যাকর্ত্তা হয়ে বিবাহ দিবার ইচ্ছা ওঁর হৃদয়ে বড় বলবতী হয়ে উঠেছিল। কিন্তু ওরূপ গৌরীদানের ফল হিন্দুধর্ম্মে নাই, তাই কাজি হয়েছেন।

রামকান্ত। শীতল বাবু! আপনি বোধ হয় আপনার সীমার অধিক যাচ্চেন্। দেখুন ধর্ম্ম সম্বন্ধে তর্ক করা বড় অন্যায়, আমাদের ধর্ম্ম হিন্দুধর্ম্মের রূপান্তর মাত্র।

শীতল। বটে, বটে, ওঁ বিষ্ণু; ঐ রূপান্তর কি কেবল দাড়িতে আর মসিদের ভেতর ভাই ভগ্নী নিয়ে চোক বুঝাতে। গৌরহরি বাবু! Native champagne আনিয়ে দিন, আমিই ওর Justice কচ্চি। মহাদেবের নেসার মর্য্যাদা হিন্দু ভিন্ন আর কেউ রাখ্‌তে পারবে না। (গ্লাসে সিদ্ধি ঢালিয়া পান)। (গৌরহরি বাবুর প্রতি) আপনার চল্‌বে কি, না আমি একাই জহ্নুমুনি হ'ব। রামকান্ত বাবু! একটু অপেক্ষা করুন তার পর মাখনের কাছে বিজ্ঞান শিখ্‌তে যাবেন—সুধা ভক্ষণ করে যদি গরল উঠে তবে তোমার।

গৌরহরি। (সিদ্ধিপান করিয়া) ওরে তামাক দে।

রামকান্ত। অনুমতি হলে আমি মাখন বাবুর কাছে যাই।

শীতল। আরে তাও কি হয়, তুমি গেলে গরল খায় কে?

গৌরহরি। বসুন, আমি মাখনকে ডাক্‌তে বল্‌চি। ওরে মাখন বাবুকে ডেকে নিয়ে আয়।

(নেপথ্যে)। আজ্ঞে যাই।

রামকান্ত। আমার আর একটা engagement আছে সেই খানে যেতেই হবে।

গৌরহরি। রামকান্ত বাবু! বিজ্ঞানটা কি আমায় বুঝিয়ে দিতে পারেন। সেকালে আমাদের বিজ্ঞান বলে কিছুই ছিল না।

রামকান্ত। গৌরহরি বাবু! আজ আমায় ক্ষমা করবেন আমি অন্য দিন এসে আপনাকে এই কথা যতদূর সম্ভব বুঝিয়ে দিতে চেষ্টা করবো; এক্ষণে চল্লেম।

রামকান্ত বাবুর প্রস্থান।

শীতল। গৌরহরি বাবু! আজ আমার প্রাণটা বড় খুলে গিয়েছে। প্রাণের ভেতর কে যেন বসন্তের হাওয়া দিচ্চে। একটা আগমনী গাই।

(গীত।)

অরুণ উঠিল ওই,
কৈরে আমার উমা মা এল।
আশা পথ চেয়ে, বর্ষ গেছে ধেয়ে,
পাগল সে ভোলা, হাড়মাল দোলা,
উমা ধনে বুঝি না পাঠাইল।
ষষ্ঠি গত প্রায়, আয় মাগো! আয়,
নেহারি বদন তোর জীবন জুড়াই।

বাম হস্তে শিখ বাঁধা, দক্ষিণ হস্তে Ganot, চক্ষে
চস্‌মাপরা মাখন লালের প্রবেশ ও চেয়ারে
উপবেশন।

মাখন। Good morning Sital Babu, good morning dear father, আপনি আমাকে untimely ডেকে আমার অনেক কার্য্য নষ্ট করেছেন; however, আপনাকে honour করা আমার সর্ব্বতোভাবে উচিত, কেন না আপনিই আমার এই উন্নতির মূল। আজ আমায় excuse করবেন for I have taken my seat here.

গৌরহরি। বাবা মাখন! তোমার হাতে ওটা কি? তোর ওরূপ ভাব দেখে আমার প্রাণে বড় আশঙ্কা হয়।

মাখন। আপনি যদি Huxley বা Tyndal পড়তেন তাহ'লে বোধ হয় ওরূপ foolish প্রশ্ন কর্ত্তেন না। মনুষ্যের জীবনরক্ষা করা কতদূর প্রয়োজন, যে ব্যক্তি বিজ্ঞান না পড়েছে তাকে বুঝান দুর্গোৎসব ব্যাপার। আপনার কথা শুনে অন্যে রাগ কর্ত্তে পারত বা করতো কিন্তু আমি অনেক বিবেচনা করে দেখলাম আপনার ন্যায় লোকের উপর রাগ করা আর বিজ্ঞানকে অন্ধকূপে হত্যা করা এ উভয়ই সমান। আপনি আমার এই non-conductor হওয়া দেখে বিস্মিত হচ্চেন, কিন্তু শুনুন, আপনার ঔরসজাত, আমার মাতৃগর্ভস্থ, যে শিশুর সম্ভাবনা আছে তাহার জীবনের অটল স্থায়িত্ব হেতু আমি তার জন্যও একটি লোহার শিখ order দিয়েছি। ইচ্ছা ছিল আপনার

ও আমার বৃদ্ধ মাতার জন্য দুইটি conductor order দি, কিন্তু, যাহাদের বিজ্ঞানের চর্চ্চা বা উন্নতি করবার কিঞ্চিৎ মাত্রও ইচ্ছা বা উপায় নাই তাদের জীবন দুরারোহ পর্ব্বতের ন্যায় থাকা না থাকা দুই সমান।

গৌরহরি। ছিঃ মাখন! বাবা ও সকল ত্যাগ কর, তোমার ও রকম ব্যবহার দেখ্‌লে লোকে তোমায় পাগল বল্‌বে। আর আমায়—

মাখন। Hush! আপনি আমার বয়োজ্যেষ্ঠ ও পিতা, তাই আপনার ন্যায় বিজ্ঞান-অন্ধ লোকের সহিত আমি এখনও কথা কহিতেছি। প্রাচীন ইতিহাসের একটা ছায়া মাত্র আজ আপনার নিকট উন্মুক্ত করি শুনুন—যে ইংরাজজাতী সামান্য Telegraphএর প্রথম প্রচলনের সময় তারে জুতা বাঁধিয়া বিদেশস্থ পুত্রকে পাঠাইয়াছি ভাবিয়া স্থির হইত, বিজ্ঞানের চর্চ্চা করে, সেই ইংরাজ আজি সু-দূর হিমালয় হ'তে কুমারিকা পর্য্যন্ত ইঙ্গিতে শাসন কর্চ্চে। আর আমরা যে Nasty nation তাইই রহিলাম, not a whit superior. সেই বিজ্ঞানে M. A. পাশ দিয়ে, আমি কি Dumb inert, as Egyptian mummy হয়ে থাক্‌ব। আপনি দেখ্‌বেন আমি by sheer science আপনার হিমালয়কে গরম করব, তাকে মানুষের ন্যায় কথা কওয়াব, ocean কে Shahara তে পরিণত কর্‌ব।

শীতল। মাখন বাবু! এ বড় আশ্চর্য্যের বিষয়। এ যদি

তোমার বিজ্ঞানে হ'তে পারে, তা হলে, আমিও তোমার নিকট বিজ্ঞান শিক্ষা কর্ত্তে প্রস্তুত আছি।

মাখন। আশ্চর্য্য বিজ্ঞানে কিছুই নাই, এটা axiomatic truth বলে জানবেন, science এ সকল বস্তুই হ'তে পারে। শুনে বড় সুখী হ'লেম, যে আপনার বিজ্ঞান শিক্ষার ইচ্ছা আছে। কিন্তু scienceএ initiate হবার পূর্ব্বে আপনাকে একটা conductor শরীরের সঙ্গে বাঁধতে হ'বে। এর কারণ এই—সদাই বিজ্ঞানের চর্চ্চা কল্লে মনুষ্য শরীর থেকে electricity বহুপরিমাণে নির্গত হয়ে যায়; যাতে volatile আর একটা পদার্থ surcharged with electricity এসে হটাৎ আপনার শরীরে enter কত্তে না পারে তারই জন্য এই conductor; এতে শরীরের সঙ্গে আর frictional electricity ওয়ালা আর একটা bodyর সঙ্গে যাতে সদাই equilibrium থাকে তারই জন্য science এ এই conductor বাঁধার প্রথা প্রচলিত আছে। Take for instance Government palace, Writers' Buildings, Electric ring, আর কত চান।

গৌরহরি। বাবা মাখন! তুমি যা বল্লে ও বাড়ি সম্বন্ধে খাটে বটে, কিন্তু মনুষ্য মধ্যে ত ও প্রথা প্রচলিত নাই, আমার এত বয়স হয়েছে আমি কখন মানুষের হাতে, মাথায় শিখ বেঁধে বেড়াতে দেখি নাই, তুই ও সকল ত্যাগ কর, আমার কথা রাখ্। পরশুরাম পিতৃআজ্ঞায় আপনার জননীর মস্তক ছেদন করে ছিলেন, তুই আমার কথা শোন। বাবা!

লেখা পড়া শিখেছ, বাড়ীতে বসে জমীদারী দেখ, আমোদ আহ্লাদ কর ; দেখেও আমার প্রাণটা সুখী হ'ক।

মাখন। যে America বিজ্ঞানের মাতৃভূমি সেই Americaর বিখ্যাত বিজ্ঞানবিৎ Voxley বলেছেন বাড়ি অপেক্ষা মনুষ্য শরীরে conductor বাঁধা নিতান্ত প্রয়োজন ; এ কথা আজও আমাদের দেশের লোকে বুঝে নাই, তাই সে প্রথা প্রচলিত হয় নাই। ভাল, আপনি ত্যাগ ত্যাগ কচ্চেন; আমাকে কি ত্যাগ করাতে চান্।

গৌরহরি। তোর লেখা পড়া, তোর বিজ্ঞান, তোর ঐ শিখ।

মাখন। I cannot help laughing. By Jove! আমি স্বপ্নেও অনুভব কর্ত্তে পারি না how shall I unlearn a thing which I have committed to memory from my very infancy. আমাদের অবস্থা যে কতদূর শোচনীয় তাহা বলা যায় না। আপনি কখন মহাভারত পড়েছেন?

শীতল। কেন মহাভারতে আবার কি আছে?

মাখন। Never mind কি আছে কি না আছে, that matters little. (গৌরহরি বাবুর প্রতি) আপনি আমার question answer করুণ। দেখুন, ভদ্রলোকের question answer না করা অপেক্ষা অপমান বোধ হয় জগতে আর নাই। An idiot to treat with.

গৌরহরি। পড়েছি। হিন্দুরছেলে রামায়ণ মহাভারত ছাড়া কি কেউ আছে?

মাখন। ইংরাজি না বাঙ্গালা, বেদব্যাসী না প্রভাপ-রায়ী?

গৌরহরি। (জনান্তিকে) ও শীতল বাবু! এ কি বলেগো?

শীতল। (জনান্তিকে) এই বুঝি ইংরাজি শিক্ষার ফল; বাবা একি ছেলে না বারমার মগ—মাথায় একটা লোয়ার পাগ্‌ড়ি।

মাখন। Hear me dear father, তোমার রামায়ণ ও মহাভারত যার জন্য তোমরা Homer's Illiadকে হত গর্ব্ব কর, সেই Ramayana and Mahabharata বিজ্ঞানের প্রথম সোপান মাত্র; তবে যে, যে light এ ন্যায় সে সেই রূপেই দেখ্‌তে পায়। But the best course would be for me to deliver a course of lectures before these uneducated fools, আর তা না কল্লে আমার বোধ হয় I see there is very little chance of our national improvement. দেখুন Science হীন জাতী জাতীই নহে।

গৌরহরি। বাবা মাখন! বিজ্ঞান বলেই পৃথিবী তা আমি স্বীকার কল্লেম। কিন্তু বিজ্ঞান শিখ্‌বে কারা, যা'দের অর্থ নাই; যারা পেটের চিন্তার জন্য লেখা পড়া শিখেছে, তাদের পক্ষে বিজ্ঞান প্রয়োজনীয় বটে, তোমার তাতে প্রয়োজন কি? তুমি ও সকল ত্যাগ কর, আমার কথা শোন, জমীদারী দেখ, ঘরটা বজায় রাখ।

মাখন। আপনি Dr. Sirkar এর science সভায় না একদিন গিয়েছিলেন, আর আমি যে দিন আপনাদের

ত্যাগ করে আমার কতক গুলি Lady friend কে নিয়ে Brother Nagendranath এর বাটী গিয়েছিলাম সেই দিন না আপনি Eliot সাহেবের Lecture-room এর ভিতর গিয়ে বিজ্ঞানের অসীম ক্ষমতার পরিচয় পেয়ে swoon হয়ে পড়েছিলেন। আমি সেই বিজ্ঞান বলে জমীদারী কোনছার world কে Napoleon এর ন্যায় শাসন করবো।

শীতল। (জনান্তিকে গৌরহরির প্রতি) মহাশয়! দেখ্‌চেন কি, বেতর বিগ্‌ড়েছে, কথায় বড় সুবিধা নয়, এ পাশ করা ছেলের গোঁ। দেখুন দেকি বিয়ের কথা তুলে।

গৌরহরি। মাখন! তোমাকে বিবাহ কর্ত্তে হবে? তোমাকে সংসারী হয়ে সংসার দেখ্‌তে হ'বে; আমি বুড় হয়েছি কবে মরব; তোমাকে এর মধ্যে জমীদারী প্রথা শিখ্‌তে হবে; আমি আজ হ'তে তোমার উপর জমীদারীর সমস্ত ভার দিব।

মাখন। মৃত্যু! হা হা! মৃত্যু কি? আজ যদি আপনার science পড়া থাকৃত তাহ'লে আপনার মুখ থেকে ও কথাটা বোধ হয় নির্গত হ'ত না। আপনি জানেন বোধ হয় রামচন্দ্রের Father (নামটা আমার ঠিক স্মরণ হ'চ্চে না Talboys Wheeler এর রামায়ণে অনেক দিন হ'ল পড়েছিলাম) স্ত্রৈণ হেতু একটা স্ত্রীর কথায় রাম, লক্ষ্মণ ও রামের wife কে বাড়ি থেকে দূর করে দিয়ে, পুত্রশোকে নিজের vitality নষ্ট করে ফেলে ও ক্রমে collapse অবস্থা

প্রাপ্ত হয়; রামের আর দুটো ভাই ছিল তাদের নাম বড় queer, হটাৎ মনে পড়া দায়; তারা কল্লে কি তাদের Father কে embalm করে রেখেদিলে; till the return of their banished brothers. সে time টা exactly আমার মনে নাই, বোধ হয় fourteen years. এই fourteen years রামের বাপ embalmed হয়েছিল which is as good as living; সুতরাং Death বলে বোধ হয় জগতে কোন কথাই থাকা উচিত নহে। By the bye আপনি আমার marriage এর কথা বলেচেন, কিন্তু, marriage is nothing but a social union; সেই social union যদি বিজ্ঞানের দ্বারা সাধিত হয় তা হ'লে যাকে আমরা বলি marriage, আর আপনারা যাহাকে বিবাহ বলেন, তার প্রয়োজন কি? স্ত্রীলোক অপেক্ষা কোমল বিজ্ঞান, সেই বিজ্ঞানের যে আস্বাদ পেয়েছে সে কি একটা illiterate ugly looking দ্বাদশ বর্ষীয়া বালিকা কে তার partner কত্তে স্বীকার করবে? আমি ত কখনই নহে।

গৌরহরি। আরে তুই বলিস্ কি? তোর জন্য কি আমি আত্মহত্যা হ'ব?

মাখন। আপনি জানেন, আপনার এই কথার জন্য আপনি আইন অনুসারে দণ্ডনীয়। আপনার এই কথা যদি আমি জগতে, বা even একজন common police officer কে বলে দি যে Babu Gourhari intends to commit suicide তা হ'লে আপনাকে দায়রায় সোপরর্দ্দ কর্ত্তে

পারে। My father, my good father আমি আপনাকে earnestly request কচ্ছি আপনি কু-আশার ঘোর অন্ধকার ত্যাগ করুণ; একটু একটু science পড়্‌তে আরম্ভ করুণ। যদি বৃদ্ধ বয়সে পড়্‌তে আপনার লজ্জা হয়, I take upon myself the most gravest duty of initiating you in the heaven of science. আমার সতত ইচ্ছা করে আপনাকে ও আমার dearest mother কে যদি Tyndal, Huxley, Proctor or even Ganot will do, যদি even a page a day পড়াতে পারি, তা হ'লে আপনারা একেবারে কুসংস্কার বর্জ্জিত হবেন। আমি নিশ্চয় বলচি যে 'Your salvation will come as near as what you call the originator of Navadwipa's disciple JAGA.

গৌরহরি। তুই আমায় বৃদ্ধ বয়সে কাঁদাস্‌নি। দেখ্ মাখন, বাবা! তোমার বয়স হয়েছে, বুঝতে সুজতে পার, তুই আমার এক মাত্র ছেলে, তোর মুখ চেয়ে আমি স্বর্গের চাঁদ হাতে পাই, কিন্তু বাবা! তোর কি আমাকে মন কষ্ট দেওয়া উচিত?

মাখন। Far from it dear father, কিন্তু একটা কথা I must mention, যে all along আমি দেখে আস্‌চি আপনার address very objectionable. আমি আপনাকে আপনি আপনি বল্‌চি কিন্তু before the presence of another gentleman আপনি আমার প্রতি vulgar terms

ব্যবহার কচ্চেন। এটা আমি বল্‌তাম না, পাছে আমার father হয়ে society তে আপনি অপদস্থ হ'ন simply সেই জন্য আমি আপনাকে এই hint টুকু দিলাম। আর একটা কথা, আপনি heavenly bodies কে হাতে কত্তে চান কি রূপে আমি ত বুঝতে পাল্লেম না not even science can dream of it.

গৌরহরি। (স্বগতঃ) আমার দেখচি সর্ব্বনাশ উপস্থিত; ছেলেটা ঘোর উন্মাদ হয়েছে; পাগল মিতাক্ষরার মতে বিষয়ের উত্তরাধিকারী হ'তে পারে না; এখন কি করি, কেন ছেলেকে উচ্চশিক্ষার জন্য কালেজে দিয়েছিলাম; এই কি উচ্চ শিক্ষার ফল; হা অদৃষ্ট! দেখি আরো বুঝিয়ে যদি পারি। (প্রকাশ্যে) বাবা! তুই কি পাগল হলি নাকি? আমার এই অতুল সম্পত্তি কি দশজনে লুটে খাবে, আর তুই আমার এক মাত্র ছেলে হ'য়ে ভোগ কর্ত্তে পারবিনি?

মাখন। আপনি বলেন কি? আপনার এই riches আমি useful purpose এ spentকরবো। আমি আপনার অর্থের অধিকারী হ'লেই একটা monument করবো, তার উপর বড় বড় golden letters এ লিখে দেব "In memory of the late Babu Gourhari Mookerjea this monument of science has been erected by his son Makhun Lal Mookerjea". এ দেখ্‌লে Governor-General, Lieutenant-Governor বোধ হয় আপনাকে K. C. S. I.

title পাঠিয়ে দিতে কিঞ্চিত মাত্র ও কুণ্ঠিত হ'বে না; আর এমনও হতে পারে Her Majesty letter of condolence পাঠিয়ে আমাকে তার sorrow জানবেন। এখন good bye আমাকে Brother Nogendranath এর বিজ্ঞান বিকাশিনী সভায় যেতে হ'বে।

প্রস্থান।

শীতল। গৌরহরি বাবু! ছেলে দেখে কি বুঝলেন?

গৌরহরি। (দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া) বুঝব আর কি, আমার মাতা আর মুণ্ডু; এখন চল শয়ন করা যাক্‌গে কপালে যা আছে তাই হইবে।

উভয়ের প্রস্থান।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

গৌরহরি বাবুর শয়ন ঘর।

গৌরহরি বাবু ও চন্দ্রমুখী।

গৌরহরি। গিন্নি! তোমার ছেলের জ্বালায় বুঝি আমায় সংসার ত্যাগ কর্ত্তে হ'ল; তুমি তোমার ছেলে নিয়ে থাক, আমি বিষয় আশয় বিক্রি করে কাশীবাসী হইগে।

চন্দ্রমুখী। কেন? মাখন আমার কি করেছে? আমার

ছেলের ভাল তুমিত কিছুই দেখ্‌তে পারনা। বলি আমার মাখনলাল করেছে কি?

গৌরহরি। ওটা পড়ে পড়ে বেতর বিগ্‌ড়ে গিয়েছে, বোধহয় শীঘ্র পাগল হ'বে।

চন্দ্রমুখী। ওমাঃ আমি কোথায় যাব! এই বুঝি আমার মাখনলালের দোষ। তা হ'ক, মা সরস্বতী যার পেটে ঢুকেছেন তাকে পাগল তিনিই করেন। আহা! তোমায় বল্‌বো কি, মাখন যখন ঘুমিয়ে থাকে, আমি আড়ি পেতে শুনেছি—ছেলের মুখ দিয়ে পল্‌তার কলের জলের মত ক্রমাগত ইংরিজি বেরোয়, আর কেবল পটাস্‌ পটাস্‌ শব্দ করে, বলে লোকে বিয়েন, না কি মর—মুখে আসে না, তাই বুঝেনা।

গৌরহরি। ওই পটাস্‌ পটাস্‌ আর পোড়া বিজ্ঞানই কাল হয়েছে। তোমায় বলবো কি সে একবারে ঘোর উন্মাদ হয়েছে।

চন্দ্রমুখী। তা হ'ক; আমার মাখনের বিয়ে দিয়ে একটি ছোট রাঙ্গা বউ ঘরে এনে আমার মনের সাধ পুরাব। আর ঐযে খ্যাপা খ্যাপা রকম দেখ্‌চো তা রাঙ্গা বৌয়ের মুখ দেখলেই সব যাবে। মা সরস্বতী আমার মাখনকে যে খেপিয়ে তুলেছে সেটা তোমায় বলচি কখনই থাকবে না। আমি মা শীতলার পুজো মেনেচি। ঘোষেদের ছেলেও ঐ রকম চস্‌মা নিত, দাড়ি রেখেছিল, ঠাকুর দেখলেই তেড়ে যেত, আর বাপ, মা, ভাই, বন সকলকে

বলতো পুতুল পুজা করা পাপ; তার বিয়ে হওয়া অবধি সে পাগ্‌লা রকম গিয়েছে। ওটা বিয়ে করবার পূর্ব্বচিহ্ন; হাজার হোক্ লেখা পড়া শিখেছে, বাপ মার কাছে কি বিয়ের কথা বলতে পারে, তাই একটু আদটু পাগলামি করে বাপ মা কে জানায় যে আমি বিয়ে করবো। যে বাপ মা বুঝতে না পারে, তারা ছেলেকে পাগল বলে। ছেলে পাগল হয়েছে বলে বলেই ছেলের বিয়ে দেয় না; ছেলেরও পাগলামি বাড়তে থাকে। আমি তোমায় বলচি, আমার মাখনের বিয়ে দাও। মাখন যে বিয়েন বিয়েন করে, আর ওই যে নোয়ার শিখ বেঁধে থাকে, সেটা বৌমা ভিন্ন আর কেউ খুলতে পারবে না পারবে না।

গৌরহরি। স্ত্রীবুদ্ধি প্রলয়ঙ্করী। আমি লজ্জার মাথা খেয়ে বিয়ের কথা বল্লাম, কিন্তু সে কিছুতেই স্বীকার কল্লে না। সে বল্লে তার বিবাহ বিজ্ঞানের সঙ্গে হয়েছে; সে আর অন্য বিয়ে করবে না।

চন্দ্রমুখী। হ্যাঁগা বিজ্ঞান কে? সেটা কোথায় থাকে? বলি তুমি কি এ বিয়ের কথা কিছু জান? মাখন কি আমায় লুকিয়ে বিয়ে কল্লে।

গৌরহরি। দেখ গিন্নি! আমি এখন চল্লুম।

চন্দ্রমুখী। ও হরিঃ! বাবা আমার, তাই খ্যাপা হয়েছে। দেখ্‌লে, আমি যা বলেছিলুম তাই ঘটলো ত; আর ও রাগ কল্লে কি হবে, ছেলেত আর ত্যাগ কর্ত্তে পারবে না। বাবা আমার বিয়ে করেছে বৌটি ঘরে নিয়ে এস; যখন আপনি

পছন্দ করে বিয়ে করেছে, সে বৌয়ের মুখ দেখলেই ঐ বিয়েন বিয়েন, আর পোড়া শিখ সব খসে পড়বে।

গৌরহরি। দেখ গিন্নি! আমি আর সহ্য কর্ত্তে পারিনা; এই বুড়ো বয়সে অদেষ্টে আরও কত কষ্ট আছে জানি না। তুমি মাখনকে বুজিয়ে সুজিয়ে যদি বিয়েয় রাজি কর্ত্তে পার তা হ'লে এই অগ্রহায়ণ মাসেই বিয়ে দিয়ে দি।

চন্দ্রমুখী। ওমাঃ সে কি? তোমার বুঝি সে বৌ পছন্দ হয় নি—তবে তুমিও বৌ দেখেছ। আমার এমনি পোড়া অদেষ্ট যে মাখনের বৌ দেখ্‌তেও পেলাম না। (ক্রন্দন।)

গৌরহরি। আরে তুমি কাঁদ কেন? তোমার পাগল ছেলের সঙ্গে বে দেবে কে? লেখা পড়া শিখে ছেলে বেগড়াতে দেখা, এই আমার প্রথম।

চন্দ্রমুখী। তুমি আর বিগ্‌ড়েছে বিগ্‌ড়েছে বলো না; তুমি আমার মাখনের বিয়ে দেবে কি না বল? যদি না দাও আমি আমার ছেলেকে নিয়ে বিদেশে চলে যাব, সেই খানে গিয়ে দেখি তার বিয়ে দিতে পারি কি না।

গৌরহরি। আ আমার পোড়া কপাল, বিয়ে দেবো কি? সে বলে তার বিয়ে বিজ্ঞানের সঙ্গে হয়েছে। সে আর অন্য বিয়ে করবে না।

চন্দ্রমুখী। এ পোড়া বিয়েন কি? আমায় দেখাতে পার, কে সে বিয়েন, তা হ'লে বেটিকে দাসী দিয়ে ঝ্যাটা খাওয়াই।

গৌরহরি। গিন্নি! তুমি যদি পার বেশ; মাখন যদি বিয়ে কত্তে রাজি হয় আমি অগ্রহায়ণ মাসেই বিয়ে দেবো।

চন্দ্রমুখী। আচ্ছা তুমি এক কাজ কর; তুমি বিয়ের কথা সব ঠিক্ করগে আমি মাখনকে বুঝিয়ে বল্‌চি।

গৌরহরি। যা হয় কর, এখনকার বোধ হচ্চে কালেজের পড়ারই এই দোষ। আগে জানতেম লেখা পড়া শিখ্‌লে স্বভাব চরিত্র ভাল হয়, কিন্তু এখন দেখ্‌চি ইংরাজি লেখা পড়া শিখিয়ে রাজ্যের ছেলে বিগড়ে দিলে। যাই এ বুড়ো বয়েসেও ত নিস্তার নাই, মুটে মজুরের মত খাটতে এসেছি খেটে যাই।

প্রস্থান।

চন্দ্রমুখী। আমার মাখন কি সত্তি সত্তিই পাগল হ'ল, না কখনই নয়, এ কথা মনে লাগে না। লেখা পড়া শিখে শুনেছি ছেলেদের মাথা একটু গরম হয়; তাতে আমার মাখন যে আবদেরে ছেলে; বোধ হয় কর্ত্তার কাছে কিছু চেয়ে থাক্‌বে কর্ত্তা দেয় নি, তাই আমার মাখন রাগ করেছে। এক ছেলে, যদিই একটা বায়না নিয়ে থাকে, তাকে না দেওয়া কি ভাল। একটা ভাল মন্দ হ'লে এর পরে আমার মাখনেরই ত সব; এখন নিলেও নেবে তখন নিলেও নেবে। মাখন আমার যা চাইবে আমি তাই দেবো। বাবার রাগ ঠাণ্ডা হ'লে আমি বিয়ের কথা পাড়বো। ওঝি ঝি! ঝি! একবার এ দিকে আয়।

(নেপথ্যে)। যাই মাঠাকৃরুণ।

দাসীর প্রবেশ।

এই চাবি নিয়ে আমার ঘর থেকে গয়নার বাক্‌সটা নিয়ে আয় ত।

চাবি লইয়া প্রস্থান।

বৌমাকে কি কি গয়না দেবো সে গুলো দেখে আলাদা করে রাখি। আমার সে দিন যে গয়না হয়েছে, সেগুনো এখন আমায় পরতে হবে, তার পর বৌমা বড় হ'লে আমার যে গুলো ছোট হয়ে যাবে সে গুলো তাকে দেবো কিনা তখন বুঝবো। বৌটিকে পরির মতন সাজাব।

বাক্‌স লইয়া দাসীর প্রবেশ।

দাসী। হ্যেঁ গা মাঠাক্‌রুণ! দাদা বাবুর বুঝি বিয়ে হ'বে? আহা হোক্ হোক্।

চন্দ্রমুখী। তোকে কে বল্লে?

দাসী। আমি সব শুনিছি; তা না হলে, দাদা বাবু হাতে মাথায় নোয়া বাঁধবে কেন? আমি শুনিছি কল্‌কেতার বড়মানষের ছেলেরা বিয়ের আগে হাতে মাথায় শিখ বাঁধে। শিখটা বুঝি প্রজাপতির ঘটক। হ্যেঁ গা মাঠাক্‌রুণ কল্‌কেতার আইবুড়ো ছেলের বুঝি চিহ্নি ঐ?

চন্দ্রমুখী। দেবো দেবো; আমার মাখনের বিয়ের সময় তোকে দানা গড়িয়ে দেবো।

দাসী। দাদা বাবুর কোথায় বিয়ে হ'বে মাঠাক্‌রুণ!

চন্দ্রমুখী। এখনও কিছু ঠিক্ হয়নি, কর্ত্তা কত লোক পাঠাচ্চেন, মিন্‌সে গুনো খালি মুটো মুটো টাকা

নিয়ে যাচ্চে, কিন্তু, কৈ একটাও রাঙ্গা বৌ এনে দিতে পাল্লেনা।

দাসী। হেঁ্য গা মা! তোমাদের মেয়েরাও কি নোয়া-বাঁধে, তারাও বুঝি বিয়ে হ'লে হাতে নোয়া পরে না?

চন্দ্রমুখী। বিয়ে হ'লে হাতে নোয়া পরে না ত কি? তুই কি পাগ্‌লি না কি? এয়িস্ত্রি মানুসে কি নোয়া ছাড়া আছে?

দাসী। পুরুষ এয়িস্ত্রি কি এখানে নোয়া পরে?

চন্দ্রমুখী। পুরুষ এয়িস্ত্রি আবার কি?

দাসী। কেন যাদের দাদাবাবুর মত বিয়ে হয়েছে।

চন্দ্রমুখী। তোর দাদাবাবুর কি এখনও বিয়ে হয়েছে?

দাসী। বিয়ে না হউক, কিন্তু মাঠাক্‌রুণ! আমি তোমায় বলচি ওই নোয়া হ'তেই দাদাবাবুর বিয়ের ফুল ফুটবে।

চন্দ্রমুখী। নোয়াতেই ফুল ফুটবে কি?

দাসী। হিঁ গো। মুক্ষী কুলীনের বিয়ের ফুল অমনি করে ফোটে। তবে শুন্‌বে, আমার বনপো, হেতাকার একজনাকার বাড়িতে থাকে, তাদের নাকি পাথরে বিয়ের ফুল ফুটে, আর বিয়ে হ'লেই সেই পাথর হাঁড়ি চাপা দিয়ে রেখে দেয়। দাদাবাবুরও তাই হ'বে কিন্তু নোয়াতে।

চন্দ্রমুখী। তুই আশীর্ব্বাদ কর, আমার সেই অদেষ্টই হক্।

দাসী। ওমা ছিঃ কি বল মা। হেঁ্য গা মা! ঐয়ে দাদা-বাবুর শিখ দেখা যাচ্চে। দেখ দেখ, পাছে শিখ দেয়ালে

ঠেকে তাই দাদাবাবু এঁকে বেঁকে সিঁড়িতে উঠচেন। দাদাবাবুকে দেখ্‌লেই গঙ্গার ঘাটে যে একটা ঠাকুর আছে দেখেছ মাঠাকুরুণ, এক হাতে একটা মুগুর তুলে, এক পা সামনে, এক পা পিছিয়ে আছে তাকে মনে পড়ে।

চন্দ্রমুখী। যাই, আমার মাখনকে বুঝিয়ে দেখিগে। আমি বাক্‌সটা বন্ধ করেছি; তুই নিয়ে আয়।

প্রস্থান।

দাসী। যাই ঝাঁট পাঁট সব পড়ে রয়েছে।

বাক্‌স লইয়া প্রস্থান।

দ্বিতীয় অঙ্ক

প্রথম গর্ভাঙ্ক।

নগেন্দ্র বাবুর লিখিবার ঘর।

নগেন্দ্র বাবু চেয়ারে উপবিষ্ট।

নগেন্দ্র। সর্ব্বভূক্‌ ও মুদ্রা যন্ত্রকে তুষ্ট করা বড় দায়। social science পড়া অবধি জাতীয় ভাষার উপর আমার একেবারে বিতেষ্টা জন্মে গেছে। ইচ্ছা করে মাখন বাবুর মত বাঙ্গালা ভাষাটা একেবারে ভুলে যাই, কিন্তু মাতৃভাষা

ভোলা ভাল কিনা তা স্থির করবার জন্য সময়ে সময়ে অনেক ভাবি, ভাবতে ভাবতে মাথা গরম হয়ে যায়। দূর হক্ আর ভাবতে পারি নি। ভাষাটা ভুলব কিনা? ভুলি, ভুলি কিনা ভুলি? আর কেমন করেই বা ভুলতে পারি; আমি বাঙ্গালা সংবাদপত্রের এডিটার, বাঙ্গালা আমার ইজেরার মহল। প্রতি সপ্তাহে কাগজ বার করি। বকলমে ডাক্তারি করি, বাপকে ডাক্‌লে নিজে যাই।

একজন কম্পোজিটারের প্রবেশ।

স্ব-কলম অপেক্ষা ব-কলমে আমার বড় জোর; আমি স্বার্থপর হয়ে নিজের উদ্দেশ্য সাধনের জন্য একবাণে দুটি পাখী মারতে চেষ্টা কচ্চি।

কম্পোজিটার। মহাশয়! কাপির জন্য কম্পোজিটার সব বসে আছে; এখনও কাপি না পেলে শনিবার কোন মতেই কাগজ—

নগেন্দ্র। কেও বাবু! আমি ভাষাটা ভুলে গিছি; তোমাদের জন্য কাগজ শিবদুর্গা কল্লেম তবু ও ছাড়বে না। তোমাদের কাগজ তোমরা লেখ। তবে যত ক্ষণ না ভুলে ছিলাম ততক্ষণ তোমাদের লিখে দিয়েছি আর পারবো কি না বলতে পারি না। আমি বেশ বুঝতে পাচ্চি, আমার মাথাটার ভেতর social science এ ভরে যাচ্চে, সুতরাং বাঙ্গালা ভাষাটা সত্বর আমাকে বন্যার জলের ন্যায় ত্যাগ করে যাবে।

(নেপথ্যে)। Husband, Husband আমি যাচ্চি, তুমি কি আমাকে meet করবার জন্য ready আছে।

নগেন্দ্র। মুদ্রাযন্ত্রের প্রেত! একটু সরে দাঁড়াও, আমি বলে কহে দেখি, যদি আজ থেকে তোমাদের সঙ্গ ত্যাগ পারি। (হেমন্ত কুমারীর প্রতি) O! yes dear.

হেমন্তকুমারীর প্রবেশ।

হেমন্ত। Dear! আজ তোমাকে এত unmindful দেখচি কেন? তোমার কি হয়েছে, তুমি আমায় বল, আমি তার প্রতিকারের চেষ্টা কচ্চি। এতে যদি আমার জীবনের সারাংশও ত্যাগ কর্ত্তে হয় তাতেও আমি স্বীকার আছি।

নগেন্দ্র। আমার ভাবনা সমুদ্রবৎ, সদাই তরঙ্গ গুলি যেন তীরে পুষ্পাঞ্জলি দিয়ে নমস্কার কচ্চে?

হেমন্ত। তোমার ও সম্পাদকীয় লম্বা ঘনঘোর ভাব আমি বুঝ্‌তে পাচ্চিনি। সাদা ভাষায় বল, পারি প্রতি-বিধান করব। তুমি আমার dear husband, তোমার জন্য আমার জীবন ত্যাগ করা যায়, কিন্তু, ত্যাগ করবো বা করা উচিত কিনা জানি না।

নগেন্দ্র। তোমার স্মরণ থাকতে পারে?

হেমন্ত। না, স্মরণ থাকবার একটা ব্যাঘাত আছে; আমার মাথার বড় ঠিক নাই, সদাই ঘুরে, সুতরাং তোমার বলবার কষ্ট বাঁচাবার জন্য আমায় past history র জীর্ণ পাতা গুলি উল্টাবার কষ্ট তোমার ন্যায় husband এর দেওয়া উচিত নহে।

নগেন্দ্র। আমি social science পড়তে আরম্ভ করা অবধি মাতৃভাষা ভুলবো কিনা তাই ভেবে স্থির কর্ত্তে পারি

নাই। মাখনের মত আমারও ইচ্ছা করে মাতৃভাষা ভুলে যাই, এতে তোমার কি মত?

হেমন্ত। মাখন বাবুর মত পাল্লে ভাল বটে, কিন্তু, তুমি কি তা পারবে?

নগেন্দ্র। আমিও তাই স্থির করেছি, এখন তোমার একটি কার্য্য কল্লে ভাল হয়।

হেমন্ত। কার্য্য! কি কার্য্য?

নগেন্দ্র। আমি সম্পাদকীয় ভার তোমার হস্তে ন্যস্ত কর্ত্তে ইচ্ছা করি।

(নেপথ্যে)। Nagendra Babu may I go in?

হেমন্ত। তোমার কাগজ বাঙ্গালা না ইংরাজি?

নগেন্দ্র। বাঙ্গালার ভাগটা বেশী, ইংরাজি কলম দুই তিন আছে।

হেমন্ত। সাহেব মহলে আমার বেশী পসার হওয়া অবধি যদিও তোমার বাঙ্গালা ভাষাটা আমার তাদৃশ মনে নাই তবু তোমার কথা অনুসারে দুই একটা issue র ভার নিতে আমি স্বীকার আছি।

নগেন্দ্র। আঃ বাঁচলেম—তুমি আমার—

হেমন্ত। তুমি আমার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করবে বলে আমি এই ভার নিতে স্বীকার করি নাই, কেবল দেখা-ইতে জগৎকে যে স্ত্রীজাতীর দ্বারা কাগজ এ দেশেও সম্পা-দন হ'তে পারে। তুমি প্রচার করে দাও, আজ হ'তে তোমার কাগজের সম্পাদক আমি।

নগেন্দ্র। রামকুমার, রামকুমার! মুদ্রাযন্ত্রের প্রেত রাম-কুমার!

(নেপথ্যে)। আজ্ঞে যাই।

রামকুমারের প্রবেশ।

নগেন্দ্র। দেখ! এই বারের নম্বর হ'তে কাগজে লিখে দাও

সম্পাদক শ্রীমতি হেমন্ত কুমারী।

রামকুমার। যে আজ্ঞে। আর কাপি?

হেমন্ত। তুমি কাপির কথা আর নগেন্দ্র বাবুকে জিজ্ঞাসা করো না। কাগজের সঙ্গে নগেন্দ্র বাবুর আর কোন সম্পর্ক নাই।

রামকুমার। যে আজ্ঞে কাপি?

হেমন্ত। কাপি কি তোমাদের কিছুই নাই।

রামকুমার। আজ্ঞে না; আমরা কাপির জন্য বসে আছি।

(নেপথ্যে)। Nagendra Baboo are you in

হেমন্ত। মাখন বাবু এসেছেন; সঙ্গে করে নিয়ে এস।

নগেন্দ্রনাথের প্রস্থান।

শিখ বাঁধা Ganot হস্তে মাখন বাবুকে সঙ্গে করিয়া নগেন্দ্র বাবুর পুনঃ প্রবেশ।

হেমন্ত। কাপি কি আপাততঃ কিছুই নাই। আচ্ছা আমি কলম ধরচি।

নগেন্দ্র। Science এ মাখন বাবু! মুদ্রাযন্ত্র চলে, কিন্তু Science এ কাপির কিছু ব্যবস্থা কর্ত্তে পারেন?

মাখন। Good day Mrs. Bose, science এ না হয় কি? আমাদের দেশ যখন science এর মর্ম্ম বুঝতে পারবে, তখন কাপি কি, author দের আর বই লেখার কষ্ট পেতে হবে না। আমার ইচ্ছা আছে multiplication table এর মত বই লেখার একটা machine সত্বর তৈয়ারি করব বা England এ order দিব।

হেমন্ত। মাখন বাবু! আপনার কথা শুনে সুখী হলেম, আর না হবেই বা কেন? যদি আমাদের বৃদ্ধ মন্ত্রি scientific frontier কর্ত্তে পারেন তা হ'লে তোমাদের এই সামান্য কার্য্য না হবেই বা কেন?

নগেন্দ্র। (হেমন্তকুমারীর প্রতি) বলি হ্যাঁগা হ'বে? তা হ'লে কি আবার—

হেমন্ত। মাখন বাবু মনে করেন ত সকল কার্য্যই হ'তে পারে। ভাল মাখন বাবু! বিজ্ঞান বলে মুদ্রাযন্ত্র আপনি চলে না কেন?

মাখন। আপনি বিজ্ঞানের প্রতি অচলা ভক্তি দেখান, it will move on its axis.

নগেন্দ্র। মাখন বাবু! বিজ্ঞান শিখ্‌লে কি চসমা ব্যবহার না করে থাকা যায় না?

মাখন। থাকা যায় না নহে, উচিত নয়, কেন না, বিজ্ঞানের ভিতর, আর কেবল বিজ্ঞানের ভিতরই বা কেন, সমস্ত

উচ্চ শিক্ষা ভিতর যে অতি minute particles আছে, যা আমাদের naked eyeতে দেখ্‌তে পাওয়া যায় না, তা দেখ্‌বার জন্য চস্‌মা ব্যবহার করা চাই। যেমন microscope না হলে অতি সূক্ষ্ম পদার্থ দেখ্‌তে পাওয়া যায় না, science এও সেই রূপ চস্‌মা না হ'লে অনেক কথা বুঝতে পারা যায় না। এটা আমি তোমাকে বল্‌তাম্‌ না; তুমি আমার হেমন্ত কুমারীর husband বলেই তোমাকে timely inform কল্লেম, কিন্তু দেখো এ secret যেন আর কেহ জান্‌তে না পারে।

নগেন্দ্র। এ চস্‌মা কোথা থেকে কিনেছেন?

মাখন। From Mullick Brothers.—Tailors Outfitters &c.

নগেন্দ্র। বাঙ্গালীর দোকান থেকে?

মাখন। তার কারণ, এই firm এর চস্‌মা চোকে দিলে অল্প বিজ্ঞান শিক্ষা কল্লেও বহুজ্ঞান দেখায়।

মাখন। Excuse me Mrs. Bose, I am just coming.

নগেন্দ্র বাবু! আপনি আস্‌বেন কি?

নগেন্দ্র। চলুন।

উভয়ের প্রস্থান।

হেমন্ত। (স্বগতঃ) কাপির জন্য রামকুমার ব্যতিব্যস্ত করে তুলেছে। আমার সাধ্য নাই যে কাগজে কলমে করি।

রামকুমারের প্রবেশ।

অর্থ পুস্তকের পাণ্ডুলিপি হস্তে অবিনাশের প্রবেশ।

অবিনাশ। মহাশয়! আমার এই বই খানা ছেপে দিতে হবে, কতকরে ফর্ম্মা চার্জ্জ করবেন?

হেমন্ত। কি ছাপতে হ'বে দেখি? (স্বগতঃ) এই খানিক এইবার কাগজে যাক্‌না কেন, এওত কাপি।

অবিনাশ। এই কাপি দেখুন।

হেমন্ত। রামকুমার! রামকুমার!

(নেপথ্যে)। আজ্ঞে যাই।

রামকুমারের প্রবেশ।

হেমন্ত। এই নাও কাপি নিয়ে যাও, আজিই আমার প্রুফ চাই। (অবিনাশের প্রতি।) আপনি এখন যেতে পারেন, কাল এলে দেখ্‌তে পাবেন।

অবিনাশ। তবে কাপিটা আপনার কাছে রৈল।

হেমন্ত। আমার কাছে, কম্পোজিটারের কাছে রৈল।

অবিনাশ। আজ্ঞে তাই;

প্রস্থান।

হেমন্ত। রামকুমার তুমি যে বাঁদরের মত দাঁড়িয়ে রইলে? যাও কম্পোজ করগে!

রামকুমার। এই কি খবরের কাগজের কাপি?

হেমন্ত। হাঁ, হাঁ, হাঁ, আমার লেখাও যা আর আর একজনের লেখাও তা, আমি যখন দায়িত্ব নিচ্চি তখন তোমার আর ভাবনা কি? এ তোমার শালগ্রামের মকোদ্দমা নহে।

রামকুমার। সেটাও ভাল ছিল।

প্রস্থান।

হেমন্ত। সম্পাদক হওয়া ভাল নহে, ইতর লোকের সহিত অনেক কথা কৈতে হয় আমি একাজ আর স্বীকার কর্‌বো না।

প্রস্থান।

মাখন ও নগেন্দ্রের প্রবেশ।

মাখন। Science কলির দেবতা; আপনাদের উচিত শক্তির পূজা না করে Science মহাশক্তির পূজা করা। নগেন্দ্র বাবু! আপনি দেখ্‌বেন in time আপনাদের পুত্র কন্যার বিবাহও Science এ হবে।

নগেন্দ্র। আপনাদের বিজ্ঞান বিকাশিনী সভায় এবার কোন Subject এ Lecture দেবেন?

মাখন। মৃত্যুর পর জীবের পুনর্জ্জীবন হ'তে পারে কি না?

নগেন্দ্র। আপনার Subject টি বড় সুন্দর ও interesting হ'বে? কবে Lecture দেবেন? আপনার data কি?

মাখন। আপনি Science পড়েছেন না? আপনার মুখ হ'তে এরূপ Foolish meaningless কথা নির্গত হ'বে তা আমার একদিনের জন্যও মনে হয় নাই। আপনি interesting বল্লেন কেমন করে? যেটা সত্য সে আবার interesting কি? আমি সোমবার the 16th instant এ কলিকাতার light and elite এর নিকট আমার এই গভীর গবেষণার পরিচয় প্রাদান কর্‌বো। আমি আপনাকে ও more specially আমার friend Mrs. Bose কে সেই

occasion এ present থাক্‌তে অনুরোধ করি। শুনন আমার data Seience nothing but science.

নগেন্দ্র। আমাকে excuse করবেন; আমি আপনার Lecture day তে Mrs. Bose কে সঙ্গে করে নিয়ে যাব। আমার একটি request আছে।

মাখন। কি বলুন?

নগেন্দ্র। আপনার lecture টা পড়া হলে copy টা যদি আমায় দেন তা হ'লে আমি ওটা আমার কাগজে publish করে দি, বাঙ্গালা সংবাদ পত্রে ওরূপ প্রবন্ধ প্রকাশিত হ'লে পঙ্গপালের ন্যায় গ্রাহক ছুটে আসবে; আমারও কিছু লাভ হ'তে পারে।

মাখন। আজ কাল বাঙ্গালা News paper এও কি বিজ্ঞানের আন্দোলন হ'চ্চে?

নগেন্দ্র। অত্যন্ত অধিক।

মাখন। আমি সেই বিজ্ঞান আবিষ্কেতাকে শত ধন্যবাদ দি।

ব্রাহ্মিকা বেশে হেমন্ত কুমারীর প্রবেশ।

হেমন্ত। (ঘড়ি খুলিয়া) মাখন বাবু! আমাকে excuse করবেন, আমি engagement ঠিক্ রাখ্‌তে পারি নাই। আমার একটি European friend আমাকে তার private chamber এ বসিয়ে দেরি করে দিলেন।

মাখন। oh! never mind; হ্যাঁ আপনি সে দিন বিবাহের কথা কি বল্‌ছিলেন?

হেমন্ত। সে কথার আলোচনা chamber এ বসে হ'বে; এখন চলুন একটু evening walk করে আসা যাক্। আমার সেই European friend আমাকে তাঁর গাড়ি খানি kindly lent করেছেন। Nagendra Baboo তুমি একটু wait কর। আর, আমার নামে যদি কোন চিটি আসে সে দিন কার মত তুমি তাহা খুলো না। আমি তোমাকে বলছি English law তে এমন কিছুই নাই যে husband, wife এর চিটি খুলে পড়তে পারে। এখন আমরা চল্লেম।

মাখন লাল ও হেমন্ত কুমারীর প্রস্থান।

নগেন্দ্র। শিক্ষিতা স্ত্রী চরিত্র কি জঘন্য! যে স্ত্রী পরিণয় শৃঙ্খলে আবদ্ধ হয়েও স্বামীর বিনা অনুমতিতে গোপনে বিহার করে তাহার চরিত্র কি ভয়ানক! কি সন্দেহ জনক! হেমন্ত সত্য সত্যই কি কু-পথাবলম্বী! না না, একথা কখনই মনে স্থান পায় না; হেমন্ত আমার সতী সাবিত্রী; ইংরাজ মহলে তার যে এত আলাপ সে কেবল কালেজে পড়ার জন্য বৈত নহে, এতে তার চরিত্র সম্বন্ধে আমি কোন প্রকারে সন্দেহ কর্ত্তে পারি না। (পরিক্রমণ করিতে করিতে) আমার দুরদৃষ্ট বশতঃই আমি বিজ্ঞান শিক্ষা করেছি; আমি মাখনের সঙ্গে পরিণয় করে জলন্ত অনলে হেমন্ত কুমারীকে আহুতি প্রদান করেছি; সোনার কমল চণ্ডালের হস্তে অর্পণ করেছি। হায়; কেন বিজ্ঞান শিক্ষায় আমার ইচ্ছা হলো? বিজ্ঞান কর্ম্মনাশা পার হক্। আমি

বিজ্ঞান বিজ্ঞান করে তোমার কোন কার্য্যই শুনি নাই, কিন্তু আমি তোমাকে প্রাণ অপেক্ষা ভাল বাসি, তোমার শত সহস্র দোষ সত্বেও আমি তোমাকে ভাল বাসি। তবু বলি তুমি আমার! হেমন্ত তুমি আমার! আমি সংসার ত্যাগ কত্তে পারি তবু তোমার ন্যায় সুরূপা স্ত্রীকে আমি পরিত্যাগ কর্ত্তে পারি নাই। হেমন্ত! একবার বল তুমি আমার; শুনেও আমি সুখে প্রাণ ত্যাগ করি। যাই দেখিগে তারা কোথায়?

প্রস্থান।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

মাখন লালের বৈঠকখানা।

মাখন লাল ও হেমন্ত কুমারী।

হেমন্ত। আপনার অনুমান সত্য, আমি এ সম্বন্ধে কখনই স্বীকার করি নাই। কালেজে পড়বার সময় আমি আমার জীবন যৌবন বা জীবন যৌবনের ছায়া মাত্র এক-জনকে অর্পণ করে ছিলাম; সে মূর্খ বুঝতে না পেরে কিছু দিন তার আদর করে আবার আমায় ফিরিয়ে দিলে, সেই অভিমানে, ক্রোধে, শোকে আমি ইহা স্বীকার করি। এ স্বীকারেও একটা সুন্দর contract আছে সেই contract অনুসারে আজ আমি Mackenzie Lyall এর highest

bidder এ আমার দেহ বিক্রয় করবো; যদি আপনার ন্যায় ক্রেতা পাই I would be only happy.

মাখন। বিবাহে আমার তাদৃশ ইচ্ছা নাই or else I would have taken a chance, তবে তোমার ন্যায় সুশিক্ষিতা স্ত্রী যদি সাংসারে আমার সহায় হয়, তাহা হ'লে আমার যত objection আছে সকল গুলিই might go to the walls.

রামকান্ত বাবুর প্রবেশ।

রামকান্ত। Good morning Mrs. Bose, Good morning Mr. Mookerjea.

মাখন। আসুন, আপনার Practice কেমন চলচে?

রামকান্ত। Science শেখা অবধি client এর number দিন দিন swell কচ্চে।

মাখন। Very glad to hear.

রামকান্ত। আপনাদের বিবাহের কথা শুনছিলাম না।

মাখন। বিবাহের idea ই আমি একবারে give up করেছি।

হেমন্ত। সত্য নাকি?

মাখন। প্রায় বটে, তবে তোমার সম্বন্ধে একটু think করবো।

রামকান্ত। আপনি কি সকল প্রকার বিবাহের idea ত্যাগ করেছেন।

মাখন। হাঁ।

রামকান্ত। কি কি?

মাখন। কুমারী বিবাহ, বিধবা বিবাহ, গান্ধর্ব্ব বিবাহ।

রামকান্ত। আপনি যে সকল বিবাহের কথা বল্লেন সকল গুলিই ত্যাগ করা উচিত? কারণ প্রথমটি বিজ্ঞান বিরুদ্ধ, দ্বিতীয়টি শাস্ত্র নিষিদ্ধ, তৃতীয়টি সমাজ বিরুদ্ধ; কিন্তু এই সকল দোষ বর্জ্জিত যদি কোন প্রকার বিবাহ থাকে তাহ'লে আপনি স্বীকার কত্তে পারেন কি না?

মাখন। Oh yes, বিশেষতঃ আমি যাকে heartily ভালবাসি তাকে যদি পাই।

রামকান্ত। আপনি অঙ্গীকার কচ্চেন?

মাখন। হাঁ।

রামকান্ত। যদি আপনার কোন বাধা না থাকে তবে তাহার নাম জিজ্ঞাসা কত্তে পারি কি?

মাখন। আমার যে আপত্তি পূর্ব্বে ছিল সে আপত্তি এখন নাই, তাই আমি আপনার নিকট প্রকাশ কচ্চি, তাঁর নাম শ্রীমতি হেমন্ত কুমারী।

রামকান্ত। (জনান্তিকে হেমন্ত কুমারীর প্রতি) আপনি এতে স্বীকার আছেন।

হেমন্ত। (জনান্তিকে) আমি বিবাহ করেছি বটে, কিন্তু আমার সে বিবাহ purely western অর্থাৎ সাময়িক, আমি সে বিবাহ বাতিল বা নামঞ্জুর কত্তে পারি ও প্রস্তুত আছি; কারণ আমার husband আমার নিকটে নাই।

রামকান্ত। মাখন বাবু! আইন মতে আপনি সধবা

বিবাহ কর্ত্তে পারেন, তার বিপক্ষে শাস্ত্রে কোন কথাই নাই। আপনি সধবা বিবাহ করুণ, শাস্ত্র আপনার দিকে এক দৃষ্টে চেয়ে থাকবে মাত্র, কোন কথা বলবার ক্ষমতা থাকবে না।

মাখন। আমি বিবাহ কল্লে বিজ্ঞানের কোন অনিষ্ট হ'তে পারে?

রামকান্ত। কোন সম্ভাবনা নাই; তবে যদি আপনার আশঙ্কা হয় আপনি আমেরিকার বিখ্যাত বিজ্ঞানবিৎ পণ্ডিত Voxley র মত নিতে পারেন; তিনি আমাদের আচার্য্য স্বতরাং তার মত নিলে আর কোন বাধা মন মধ্যে উদয়ও হবে না। বলেন ত আমি এখনই Telegraph করি।

হেমন্ত। ইহাই যুক্তি যুক্ত বটে, তোমার বিজ্ঞানের পথে আমি কণ্টক হ'তে ইচ্ছা করি না।

মাখন। A Daniel has come to judgment Yea a Daniel. আপনি Telegraph করুণ।

রামকান্ত। বেহারা বেহারা!

(নেপথ্যে)। যাইচি যাইচি।

দামু বেহারার প্রবেশ।

তার বই নিয়ায়।

দামু বেহারার প্রস্থান ও টেলিগ্রাফের খাতা লইয়া

পুন প্রবেশ।

মাখন। (বেহারার প্রতি)। তুই বাইরে গিয়ে বস্গে।

দামুবেহারার প্রস্থান।

রামকান্ত। (লিখিতে আরম্ভ)। What objection in science marrying married lady.

মাখন। address কি দিলেন?

রামকান্ত। Dr. R. Voxley--Washington East. Urgent. From Makhun M. A. in Science.

হেমন্ত। এই হলেই যথেষ্ট হবে বোধ হয়?

(কাগজ বেহারার হস্তে প্রদান।)

মাখন। Oh yes, quite—

হেমন্ত। কতক্ষণের ভিতর reply পাওয়া যাবে?

রামকান্ত। অন্য সময় হলে 6 hours লাগত কিন্তু এটা special বলে বোধ হয় শীঘ্র পাওয়া যাবে।

মাখন। আর বিশেষ আমি Science এ M. A. আমার reply শীঘ্র আসবে।

রামকান্ত। আপনার সঙ্গে তার পরিচয় আছে?

মাখন। কিছু মাত্র নহে?

রামকান্ত। তবে কিরূপে বল্লেন?

মাখন। Telephone এর একটা wire work করে যেমন তার সঙ্গে যত connection আছে সকল গুনোই work করে সেই রকম scienceএর একটা magnatic ক্ষমতা আছে—যেখানেই যে থাকুক না কেন জান্‌তে পারা যায়।

রামকান্ত। আপনারা তা হ'লে বিবাহের জন্য প্রস্তুত হন।

হেমন্ত। আমি প্রস্তুত আছি।

মাখন। একটু অপেক্ষা করুণ; যদি বিধান না আসে?

রামকুমার। তার দায়িত্ব আমার।

মাখন। তুমি আমার প্রিয় শিষ্য সুতরাং I cannot withhold your desire. এই উত্তর এসেছে।

টেলিগ্রাম লইয়া দামুর প্রবেশ
ও মাখনকে দিয়া প্রস্থান।

খবরটা কি এলো বলা যায় না, খোলা যাক্।

রামকুমার। না একটু অপেক্ষা করুণ, আমি একবার চোক বুজিয়ে ঈশ্বরের নাম নি, তার পর আপনি খুলিবেন; যদি এতে কোন প্রতিকূল কথা থাকে পরম পিতা তাহার অনুকূল করবেন।

চক্ষু মুদিত করিয়া উপবেশন।

এখন খুলুন (দণ্ডায়মান হইয়া)। ও হরি দয়াময়, ও হরি দয়াময়।

মাখন। Married lady to marry, no objection in Science.

রামকান্ত। বিবাহ এক্ষণে কোন মতে হ'বে.?

মাখন। মতামত এতে আমার কিছুই নাই; বিজ্ঞানে যখন কোন প্রতিবন্ধক নাই তখন আমি বিবাহ কত্তে স্বীকার আছি

রামকান্ত। তবে ব্রাহ্ম মতে হোক্।

মাখন। ছিঃ ছিঃ ওটা কি আবার মত; যে মতে মুচিরমেয়ে ব্রাহ্মণে বিবাহ করে, যেমতে পুত্র মাতার বিবাহ

দেয়, ভাই ভগ্নীতে চোক বুজুলে ধর্ম্ম বা প্রেম হয়, আমি কি সেই লাঙ্গুলহীন শৃগাল দলের মত নিয়ে বিবাহ করব, কখনই নহে। আমি Scientific মতে বিবাহ করবো, যে বিবাহ কদাচ null and void হবেনা।

রামকান্ত। সে কি রকম ?

মাখন। Ganot র নূতন editionএ যে মত প্রকাশিত হয়েছে আমার সেই মত। Electricity যার ব্রহ্মা, তার যাহার সূতা, battery যাহার মাকু, এ আমার সেই মত। (হেমন্তকুমারীর প্রতি)। চল আমরা সেই মত অনুযায়ী বিবাহ শেষ করে আসি।

উভয়ের প্রস্থান।

রামকান্ত। কি সুখের মিলন, এমন না হ'লে কি বিবাহ, কিন্তু দুঃখের বিষয় আমি ব্রাহ্ম হয়েও এই শুভ মিলনের সময় একবার ও ঈশ্বরের নাম কর্ত্তে পাল্লেম না।

মাখন ও হেমন্তকুমারীর প্রবেশ।

মাখন। এ প্রক্রিয়া ভাল কি না ?

হেমন্ত। তুমি যাকে ভাল বলে স্বীকার করেছ আমি তার দোষ দেখতে পাব কেমন করে ?

কাগজ কলম লইয়া নগেন্দ্রনাথের প্রবেশ।

নগেন্দ্র। তুমি এখানে বসে আছ আর আমি কাগজ কলম নিয়ে এমন স্থান ন াই যে তোমার অন্বেষণ করি নাই।

রামকান্ত। কেন ?

নগেন্দ্র। কাগজের কাপি লিখ্‌বে কে? আমার কি আর কাগজ লেখবার অধিকার আছে?

হেমন্ত। আমি এখন মাখন বাবুর পরিণীতা স্ত্রী তোমার কাগজ, তোমার কলম, তোমার কাপি ও তোমার সহিত সম্পর্ক আজ হতে বা ইহার এক মুহূর্ত্ত পূর্ব্ব হ'তে আমার সহিত বিচ্ছিন্ন হয়ে গেছে।

নগেন্দ্র। সে কি হেমন্ত! কেন হেমন্তকুমারী আমি তোমার কি দোষ করেছি? আমি তোমার স্বামী; স্বামী স্ত্রীলোকের গুরু; আমি বর্ত্তমান থাক্‌তে——

হেমন্ত। এ পরাশরের মত, সুতরাং ঠিক শাস্ত্রসম্মত হয়েছে, তুমি যখন অনুপস্থিত ছিলে তখন আমি এই বিবাহ করেছি। এ'ত দোষ তোমার কিছুই নহে; আমার ইচ্ছা।

নগেন্দ্র। তোমার এ ইচ্ছা কেন হ'লো, হেম?

হেমন্ত। কেনর উত্তর নাই। আমি তোমাকে বিবাহ করেছি। আমার ইচ্ছা আমি তোমাকে ত্যাগ কল্লেম। তুমি জেন আজ হ'তে আমি মাখন বাবুর পরিণীতা স্ত্রী।

নগেন্দ্র। অ্যাঁ ওমা আমার কি হ'বে; আমি কার জন্য নিত্য ঘরে আস্‌বো। (ক্রন্দন)

রামকান্ত। নগেন্দ্র বাবু! এটা ভদ্রলোকের বাড়ি, এটা শ্মশান বলে মনে করবে না, যে ইচ্ছা মাপিক চীৎকার কর্ত্তে পারেন।

নগেন্দ্র। শ্মশান হ'লেও বোধ হয় ভাল ছিল। এটা শ্মশান অপেক্ষাও জঘন্য স্থান, এখানে জীয়ন্তে ত্যাগ কর্ত্তে

হয়। ওগো আমার কি হ'ল গো—আমার পোষা পাখী কে ধল্লে গো (ক্রন্দন)।

গৌরহরি ও শীতলের প্রবেশ।

গৌরহরি। কি হয়েছে? তুমি কাঁদচ কেন?

মাখন। তোমার এতে interfere করবার কি প্রয়োজন আছে? তুমি এখান হ'তে যাও।

নগেন্দ্র। ওগো আমার বিয়ে করা মাগ; বিয়ে করেছে আর ছেড়ে দেবে না। (ক্রন্দন।)

শীতল। বিয়ে করা কি রকম?

নগেন্দ্র। ছাঁদ্‌লা তলায় সাত পাক দিয়ে এনেছি।

গৌরহরি। কথাটা কিছু বুঝতে পাচ্ছিনি, ব্যাপার টা কি?

মাখন। ব্যাপার এই, হেমন্তকুমারী, নগেন্দ্রবাবুর পরিণীতা স্ত্রী; উনি নগেন্দ্র বাবু কে পরিত্যাগ করে আজ আমায় বিবাহ করেছেন।

গৌরহরি। সে কি রে? তুই বলিস্ কি?

মাখন। হাঁ; I mean what I say.

গৌরহরি। ও শীতল বাবু! এ কি বিবাহ না—

মাখন। হাঁ বিবাহ।

শীতল। এ কি মতে বিবাহ।

মাখন। purely scientific মতে; পাছে তোমার মত মূর্খ এর বিপক্ষে কোন কথা বলে সে জন্য এই দেখ তার ব্যবস্থা ও আনিয়েছি।

শীতল। সধবার কি বিবাহ হয়?

রামকান্ত। না হয় তার শাস্ত্র কিছু আছে? স্বীকার করি বিধবা বিবাহ অশাস্ত্রীয়, কুমারী বিবাহ বিজ্ঞান বিরুদ্ধ, কিন্তু সধবা বিবাহ সম্বন্ধে তাহার প্রতিকূল কোন কথা কিছু আছে?

শীতল। নাই বলেই কি বিবাহ হ'তে পারে?

মাখন। পারে না কিসে? যার প্রতিকূল বা অনুকূলে কোন কথাই নাই তাহাই শাস্ত্র সম্মত। "মৌনং সম্মতি লক্ষণ" এটা চির প্রসিদ্ধ।

গৌরহরি। বলি বিয়েটা কি হয়ে গেছে।

মাখন। বহুকাল।

রামকান্ত। কেবল শাঁক বাজান বাকি আছে, সেটা আপনিই করুণ।

মাখন। একটা formal contract কেবল বাকি আছে, তাই Collectorateএ stamp এর জন্য লিখেছি, সেটা এলেই engross করে দেব? তা হ'লেই finish। উকীল বড় কেও কেটা নহে।

গৌরহরি। কুলাঙ্গার তোর দ্বারা আমার বংশের অপমান হ'ল। যা আমার বংশের কেহ কখন করে নাই আজ তোর দ্বারা তা হ'ল।

মাখন। আমার দ্বারা তোমার বংশে মুখ উজ্জ্বল হ'ল। science এ M. A. পাশ তোমার বংশে কে দিয়েছে? আর বিজ্ঞানের উন্নতি করে কে কবে সধবা

বিবাহ করেছে? কে কবে বিজ্ঞানের উজ্জ্বল মুখের gloss বার করেছে?

গৌরহরি। আর তোর মুখ দেখতে চাই নাই; তোর ছাই পাঁশ তোরই থাক, আমার বংশে যেন আর না ঢোকে। তুই আমার বাড়ি থেকে বের হ; ও পাপ হওয়া আর আমি বাড়িতে রাখ্‌তে চাই না।

মাখন। Photograph ও কি নয়?

গৌরহরি। না। তুই আমার বাড়ি থেকে বের হ।

মাখন। মাকে একবার বৌ দেখিয়ে যাই।

গৌরহরি। তোর মা ওমন কুলাঙ্গারের মুখ দেখ্‌তে চায় না।

মাখন। বলি বৌয়ের কি নহে, পরের মনের কথা তোমার জানবার শক্তি নাই।

গৌরহরি। তুই! আমার বাড়িতে ঢুকিস নি, কুপুত্রের চেয়ে শূন্য গোয়াল ভাল।

মাখন। আচ্ছা তাই হ'বে আমি চল্লেম। Come dear এ সকল old fool এর কাছে থাকৃতে নাই।

নগেন্দ্র। হেমন্তকুমারি! ও হেমন্তকুমারি তুমি আমাকে সত্যি সত্যি কি ত্যাগ করে চল্লে। তোমার সঙ্গে আমার সাধের Social Scienceও চল্লো।

গৌরহরি। আজ থেকে তুমি আমার তেজ্য পুত্র। আমিআমার বিষয় আশয় দেবত্ব করে ফেলব।

মাখন। রামকান্ত বাবু! নূতন আইন খানি খুলে দেখত আমি বাবার তেজ্য পুত্র হ'তে পারি কি না?

রামকান্ত। না তা কখনই নয়, তেজন্য হ'তে পারেন এরূপ আইনএর মর্ম্ম নহে; এর জন্য বোধ হয় একটা উকীল সম্মতি আবশ্যক। উনি এখনও তোমাকে পুত্র বলে স্বীকার কচ্চেন তা হ'লেই হ'ল।

গৌরহরি। দূর হও—দূর হও,—এখনি আমার বাড়ি থেকে বের হও।

নগেন্দ্র। মহাশয়! আমার উপায় কি হবে, আমি কি আমার স্ত্রীকে আর পাব না? হায় কেন শিক্ষিতা স্ত্রীকে বিবাহ করেছিলাম? কেন স্ত্রী স্বাধীনতার জন্য ব্যস্ত হয়ে ছিলাম; কেন হেমন্তকুমারীকে মাখনের সঙ্গে পরিচয় করে দিয়ে ছিলাম? বোধ হয় আমার ন্যায় হতভাগ্য এখানে অনেক আছেন, তাঁহারা আমার দৃষ্টান্ত দেখে শিক্ষা লাভ করুন যে স্ত্রী স্বাধীনতা, বা এরূপ শিক্ষিতা বালিকার পরিণয় শৃঙ্খলে আবদ্ধ হ'য়ে যেন কেহ কখন আর ঘোর শোকার্ণবে ঝাঁপ না দেন। যাই দেখিগে পুলিশের সাহায্যে যদি এর কোন উপায় হয়।

সংবাদ পত্র হস্তে অবিনাশের প্রবেশ।

অবিনাশ। (হেমন্তকুমারীকে দেখিয়া)। এই যে; একেবারে আমার সর্ব্বনাশ করেছেন অর্থপুস্তক কাগজে সমস্ত প্রকাশ করেছেন! আমি জিজ্ঞাসা করি আমার কাপি কাগজে প্রকাশ করবার অধিকার আপনার কি আছে?

হেমন্ত। তোমার সহিত আর আমি কথা কহিতে ইচ্ছা করি না, কারণ আজ হ'তে কাগজের সম্পাদক আমি নহি, আমার প্রিয়বন্ধু বাবু নগেন্দ্র নাথ।

অবিনাশ। কাগজের সঙ্গে আমারই বা সম্পর্ক কি?

হেমন্ত। সেই কম্পোজিটার কে জিজ্ঞাসা করগে?

নগেন্দ্র। তুমিত আমায় ছাড়লে, আবার বোঝা ঘাড়ে দাও কেন?

হেমন্ত। আমি তোমার সহিত কথা কহিতেছি না।

অবিনাশ। আমি সংবাদ পত্রের নামে "রিভাই সিং ব্রেকে" নালিশ করবো?

হেমন্ত। শতবার।

নগেন্দ্র। হেমন্ত! আমায় রক্ষা কর; জলন্ত অনলে আর ঘৃতাহুতি দিও না।

মাখন, রামকান্ত ও হেমন্ত কুমারীর প্রস্থান।

অবিনাশ। আরে তুমি যাও যে; আমার ব্যবস্থা করে যাও।

(নেপথ্যে।) তোমার সকলি ঐ ব-কলমে এও না হয় তাই হয়েছে।

অবিনাশ। আমার দেখছি প্রতি পদে সর্ব্বনাশ।

নগেন্দ্র। আমারও তাই; তুমি বই হারিয়েছ আমিও মাগ হারিয়েছি; এস ভাই দুই জন মিলে এর একটা উপায় করা যাক্‌গে।

উভয়ের প্রস্থান।

গৌরহরি। অল্প শিক্ষার কি বিষময় ফল! সে
শিক্ষার দোষে, এই বৃদ্ধ বয়সে আমার কত কষ্ট তা ব
জানন যায় না। বর্ত্তমান শিক্ষা প্রণালীর জঘন্য আদ
আমার পুত্র। হায়! সংসারে আমার ন্যায় কত লো
আছেন; বর্ত্তমান জঘন্য শিক্ষা প্রণালীর জন্য তাহারা
জানি কত কষ্টই পাচ্ছেন। এই শিক্ষার প্রভাবে পুত্র, পি
মাতা, ভাই ভগ্নিকে সম্মান করে না; প্রতিবেসীকে সমা
করে না; ইহার জন্য তাহাদের হৃদয়ে সহানুভুতির না
মাত্রও নাই। হায় হায়! পুত্রবান হয়েও অপুত্রক হয়ে জীব
ত্যাগ কত্তে হ'ল এর অপেক্ষা দুঃখের বিষয় আর কি আছে
সমাগত বন্ধুগণ! একবার আমার অবস্থা ভাল করে ভে
দেখুন। যাঁহারা আমার ন্যায় হতভাগ্য তারা এই সময় হ'
সাবধান হউন নতুবা আমার ন্যায় শোক তাঁদের ও সঞ্চি
আছে।

যবনিকা পতন।